NOV. 15 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২৭ ... কলাম ... ...

ভোরের কাগজ

# নট্রামস পরিচালক অপসারিত উপ-পরিচালককে দায়িত্ব প্রদান

বগুড়া প্রতিনিধি : বগুড়াস্থ জাতীয় বহুভাষী সাঁটলিপি প্রশিক্ষণ ও গবেষণা একাডেমি (নট্টামস)-এর পরিচালক আব্দুল মান্নান সরকারকে চাকরি থেকে অপসারণ করা হয়েছে। একই সঙ্গে উপ-পরিচালক এ বি এম মাহবুবুর রহমানকে অতিরিক্ত দায়িত্ব হিসেবে নট্টামস-এর পরিচালকের দায়িত্ব দেওয়া হয়েছে।

শিক্ষা সচিব মোহাম্মদ শহীদুল আলম কর্তৃক ১২ নভেম্বর স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে (নং-শিমশা/ ১৩-২৪/৯৩/২৮৫ শিক্ষা) আব্দুল মান্নান সরকারকে অপসারণের বিষয়ে অবহিত করা হয়। এতে উল্লেখ করা হয়, তার বিরুদ্ধে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল-বিধিমালা ১৯৮৫-এর ৩ (সি) ও (ডি) ধারা মোতাবেক বিভাগীয় মামলা দায়ের করা হয় এবং ঐ ধারায় তার বিরুদ্ধে আনীত মামলার অভিযোগ বিবরণী ও অভিযোগনামা তার কাছে প্রেরণ করা হলে তিনি জবাব দান করেন এবং ব্যক্তিগতভাবে শুনানিতে হাজির হয়ে কারণ ব্যাখ্যা করেন।

দাখিলকৃত জবাব সন্তোষজনক গণ্য না হওয়ায় তার বিরুদ্ধে অভিযোগ তদন্তের জন্য তিন সদস্যের একটি তদন্ত কমিটি গঠন করা হয়। তদন্ত রিপোর্টে তার বিরুদ্ধে আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় তাকে গত ৫ মার্চ দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়। তার দেওয়া দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব ও কর্তৃপক্ষের কাছে সন্তোষজনক হলে গণ্য হয়নি।

প্রজ্ঞাপনে আরো উল্লেখ করা হয়েছে, আব্দুল মান্নানে বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ার তাকে চাকরি থেকে অপসারণের প্রস্তাবে রাষ্ট্রপতি গত ১০ নভেম্বরে সম্মতি প্রদান করেন।

এ ব্যাপারে গত মঙ্গলবার রাতে মান্নান সরকারের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেন হলে তাকে পাওয়া যায়নি।